গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০০৫. ০০১. ২০২০- ৪৮১

তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
২১ জুন ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরের এপিএ প্রণয়নের সময়সীমা বর্ধিতকরণ এবং ২০১৯-২০ অর্থবছরের এপিএ-এর মূল্যায়ন সংক্রান্ত সময়সীমা নির্ধারণ।

সূত্রঃ ০৪.০০.০০০০.৮২৫.২২.০১.১৯.৩২ তারিখঃ ১৭/০৫/২০২০ খ্রি.

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) এর আওতায় APAMS – এর সফটওয়্যারের মাধ্যমে খসড়া এপিএ প্রণয়নের জন্য স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২০-২১ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি আগামী ০৯/০৭/২০২০ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২১/৬/২০২০

(মোঃ এরশাদুল হক)
যুগ্মসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

০১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/ রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
০৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্রগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ

০১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.১৯.৩২

তারিখ: ৩ আষাঢ়.১৪২৭
১৭ জুন ২০২০

বিষয়: **২০২০-২১ অর্থবছরের এপিএ প্রণয়নের সময়সীমা বর্ধিতকরণ এবং ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র মূল্যায়ন সংক্রান্ত সময়সীমা নির্ধারণ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে বিদ্যমান 'করোনা পরিস্থিতি' বিবেচনায় সরকারি অফিসসমূহের ২০২০-২১ অর্থবছরের এপিএ প্রণয়ন এবং ২০১৯-২০ অর্থবছরের এপিএ মূল্যায়নের সময়সীমা নিম্নলিখিতভাবে নির্ধারণ করা হয়েছে:

(ক) মন্ত্রণালয়/বিভাগসমূহ **৩০ জুলাই ২০২০** তারিখের মধ্যে ২০২০-২১ অর্থবছরের এপিএ'র খসড়া APAMS সফটওয়্যারের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করবে। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন ও সুবিধাজনক সময় সাপেক্ষে মন্ত্রণালয়/বিভাগের এপিএ স্বাক্ষরের তারিখ পরবর্তীতে জানানো হবে। তবে এপিএ'র কার্যকারিতা অর্থবছরের সাথে মিল রেখে **০১ জুলাই ২০২০** হতেই শুরু হবে।

(খ) অন্যান্য সকল সরকারি অফিস (দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ) স্ব-স্ব অফিসের ২০২০-২১ অর্থবছরের চূড়ান্ত এপিএ প্রণয়নসহ উর্ধ্বতন অফিসের সাথে এপিএ স্বাক্ষরের কাজ **৩০ জুলাই ২০২০** তারিখের মধ্যে সম্পন্ন করবে।

(গ) মন্ত্রণালয়/বিভাগসমূহ ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ আগামী **১০ আগস্ট ২০২০** তারিখের মধ্যে APAMS সফটওয়্যারের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করবে। তবে দুই (০২) মেগাবাইটের বেশি আকারের প্রমাণকসমূহ ই-মেইলে প্রেরণ করা যাবে। প্রমাণকসমূহের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না।

(ঘ) মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থাসহ সকল সরকারি অফিস তাদের স্ব-স্ব আওতাধীন অফিসসমূহের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন **৩০ আগস্ট ২০২০** তারিখের মধ্যে সমাপ্ত করবে।

২। উপর্যুক্ত নির্দেশনা ও সময়সীমা অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের এপিএ প্রণয়ন এবং ২০১৯-২০ অর্থবছরের এপিএ মূল্যায়ন কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। বিষয়টি নিজ নিজ আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসকে অবহিত করতেও নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৭-৬-২০২০
মুহাম্মাদ সাইফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪১০৫০১১১
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: pmpc_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব (সকল)
২) বিভাগীয় কমিশনার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.১৯.৩২/১(৪)

তারিখ: ৩ আষাঢ়.১৪২৭
১৭ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ- মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
২) সচিব, সমন্বয় ও সংস্কার এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ- সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩) সিস্টেম এনালিস্ট, মন্ত্রিপরিষদ বিভাগ- পত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
৪) অতিরিক্ত সচিব (সংস্কার) এর ব্যক্তিগত কর্মকর্তা- অতিরিক্ত সচিব (সংস্কার) মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৭-৬-২০২০
মুহাম্মাদ সাইফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব